



খালেদা জিয়ার চিকিৎসায় এভারকেয়ারে চীনা বিশেষজ্ঞ দল



সংগৃহীত ছবি

বিএনপি চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী খালেদা জিয়ার চিকিৎসা পর্যবেক্ষণে বিদেশি চিকিৎসকদের একটি বিশেষজ্ঞ দল বুধবার রাত ১০টার পর রাজধানীর এভারকেয়ার হাসপাতালে পৌঁছায়। চার সদস্যের এই দলটি তার বর্তমান শারীরিক অবস্থা মূল্যায়ন করে চিকিৎসা—সংক্রান্ত নানা দিক নিয়ে পরামর্শ দিচ্ছেন। এর আগে সন্ধ্যায় প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস খালেদা জিয়ার খোঁজ নিতে হাসপাতালে যান। প্রায় আধা ঘণ্টা অবস্থান করে তিনি পরিবার ও দলীয় নেতাদের ধৈর্য ধরার আহ্বান জানান এবং সরকারের পক্ষ থেকে পূর্ণ সহযোগিতার আশ্বাস পুনর্ব্যক্ত করেন।

দীর্ঘদিন ধরে আর্থ্রাইটিস, ডায়াবেটিস, কিডনি ও ফুসফুস—সংক্রান্ত জটিলতাসহ একাধিক সমস্যায় ভোগা খালেদা জিয়াকে গত ২৩ নভেম্বর রাতেই স্বাস্থ্য পরীক্ষার জন্য গুলশানের বাসা থেকে হাসপাতালে আনা হয়। পরে মেডিকেল বোর্ডের পরামর্শে তাকে ভর্তি করা হয় এবং ধীরে ধীরে তার শারীরিক অবস্থার অবনতি ঘটে। এদিকে, সোমবার অন্তর্বর্তী সরকার তাকে ‘অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি’ (ভিআইপি) হিসেবে ঘোষণা করেছে। গেজেট জারি হওয়ার পর এসএসএফ খালেদা জিয়ার জন্য বিশেষ নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করে।